



# বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

৩৭/এ, দিলকুশা বা/এ, ঢাকা  
প্রশাসন-২ শাখা  
প্রশাসন অনুবিভাগ  
[www.idra.org.bd](http://www.idra.org.bd)

স্মারক নং: ৫৩.০৩.০০০০.০১৭.১৭.০১১.১৭. ৫০০

তারিখ: ০৫ আষাঢ় ১৪২৯  
১৯ জুন ২০২২

## সংবাদ বিজ্ঞপ্তি


**বিষয়: বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের পরিচালক (উপসচিব) জনাব মোহাম্মদ শফিউদ্দীন —এর মৃত্যুতে কর্তৃপক্ষের শোক।**

অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের আওতাধীন বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের পরিচালক (উপসচিব) জনাব মোহাম্মদ শফিউদ্দীন (৭৯৩৩) গত ১৭ জুন ২০২২ তারিখ সকাল ০৯:৪৫ ঘটিকায় মনোয়ারা হাসপাতাল, সিদ্ধেশ্বরী, ঢাকায় মৃত্যুবরণ করেন (ইম্মা লিল্লাহি ওয়া ইম্মা ইলাহী রাজিউন)।

২। জনাব মোহাম্মদ শফিউদ্দীন (৭৯৩৩) ৩১ অক্টোবর ১৯৬৯ তারিখে যশোর জেলায় জন্মগ্রহণ করেন। তিনি ৩১ মে ২০০১ তারিখে বিসিএস (সমবায়) ক্যাডারে যোগদান করেন। তিনি গত ২০ ফেব্রুয়ারি ২০১৮ তারিখে সরকারের উপসচিব পদে পদোন্নতি লাভ করেন। মৃত্যুর পূর্ব পর্যন্ত তিনি সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেন। তিনি সর্বশেষ বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষে প্রেষণে পরিচালক (উপসচিব) হিসেবে কর্মরত ছিলেন।

৩। জনাব মোহাম্মদ শফিউদ্দীন (৭৯৩৩) তাঁর দীর্ঘ চাকরি জীবনে অত্যন্ত কর্তব্যপরায়ণ, দক্ষ, নিষ্ঠাবান ও সদালাপী কর্মকর্তা ছিলেন। মৃত্যুকালে তিনি পিতা-মাতা, স্ত্রী, এক পুত্র এবং এক কন্যাসন্তানসহ আত্মীয়-স্বজন ও অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন।

৪। বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ জনাব মোহাম্মদ শফিউদ্দীন (৭৯৩৩) এর অকাল মৃত্যুতে গভীর শোক প্রকাশসহ তাঁর রুহের মাগফিরাত কামনা করছে এবং মরহমের শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের পরিবারের প্রতি আন্তরিক সমবেদনা প্রকাশ করছে।



(মোঃ শাহ আলম)

পরিচালক (গবেষণা ও উন্নয়ন)

**প্রেস বিজ্ঞপ্তিটি সদয় প্রকাশ/প্রচারের বিনীত অনুরোধসহ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

- ১। সম্পাদক/বার্তা সম্পাদক: জাতীয় দৈনিক সংবাদপত্র (সকল);
- ২। বার্তা সম্পাদক/হেড অব নিউজ: সকল টেলিভিশন চ্যানেল।

**অনুলিপি (সদয় অবগতির জন্য):-**

- ১। চেয়ারম্যান মহোদয়ের (অতিরিক্ত দায়িত্ব) একান্ত সচিব, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ;
- ২। সদস্য মহোদয়গণের সহকারী, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ;
- ৩। অফিস কপি।